



প্রেস রিলিজ

ডিজিটাল নথির যুগে প্রবেশ করল বরিশাল বিশ্ববিদ্যালয়

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৩ আগস্ট ২০২৩।

বাংলাদেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে এবার ডিজিটাল নথির (ডি-নথি) যুগে প্রবেশ করল বরিশাল বিশ্ববিদ্যালয়। ১৩ আগস্ট ২০২৩ তারিখ রবিবার দুপুরে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক আয়োজিত ইউজিসির অডিটোরিয়ামে অনুষ্ঠিত পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে ডি-নথি কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী ডাঃ দীপু মনি, এম.পি। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী এম.পি। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান প্রফেসর ড. কাজী শহীদুল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠানে ইউজিসির সদস্যবৃন্দ, সচিব মহোদয়সহ বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্যবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের একপর্যায়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন তাঁর বিশ্ববিদ্যালয়ের পক্ষে এ কার্যক্রমের সূচনা করেন। এ সময় তিনি নিজ আইডি লগইন করে একটি পত্র জারির মাধ্যমে বরিশাল বিশ্ববিদ্যালয়ের পক্ষে এ ডি-নথি কার্যক্রমের সূচনা করেন। অনুষ্ঠানের উদ্বোধনী পর্বে অন্যান্যদের মধ্যে বরিশাল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) সুপ্রভাত হালদার, নেটওয়ার্কিং এন্ড আইটি অফিসরের পরিচালক রাহাত হোসাইন ফয়সাল, ডেপুটি রেজিস্ট্রার বাহাউদ্দিন গোলাপ, নির্বাহী প্রকৌশলী (আইটি) আসিফ উদ্দিন খান ও সহকারী রেজিস্ট্রার (সংস্থাপন) সোলায়মান খান ইউজিসিতে উপস্থিত ছিলেন। এসময় বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভিডিও কনফারেন্স রুম থেকে ভার্সুয়ালি যুক্ত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ডিনবৃন্দ, প্রভোস্ট, প্রক্টর, শিক্ষক সমিতির সভাপতি, বিভাগীয় প্রধান, শিক্ষকমণ্ডলী, দপ্তরপ্রধানসহ কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। উল্লেখ্য যে, ডি-নথি প্রক্রিয়ার মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের ফাইলের কাজ ডিজিটাল পদ্ধতিতে সম্পাদন করা হবে। যারফলে উপাচার্যসহ সব পর্যায়ের অনুমোদনকারী ব্যক্তির যেকোনো জায়গা থেকে যেকোনো সময় পেপারলেসভাবে ফাইল অনুমোদন করতে পারবেন। এতেকরে বিশ্ববিদ্যালয়ের সময় ও খরচ যেমন কমবে, তেমনি কাগজ সাশ্রয়, স্বচ্ছতা ও জবাবদিহিতা আরও বেশি নিশ্চিত হবে। ডিজিটাল নথি কার্যক্রমের ফলে একদিকে যেমন ফাইল সংক্রান্ত জটিলতা দূর হবে, একইসাথে প্রশাসনিক ও একাডেমিক ক্ষেত্রগুলোসহ সকল ক্ষেত্রে কাজের গতিশীলতা বাড়বে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

০১৩৮ ৫০০০৫

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস